গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(www.mochta.gov.bd)

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস ২০২৩' পালন উপলক্ষ্যে অনুষ্ঠিত ফলো-আপ সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মো: মশিউর রহমান এনডিসি<br>সচিব<br>পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় |
| তারিখ | : ০১/০৮/২০২৩ খ্রি: |
| সময় | : বিকাল ০৩.০০ টা |
| সভার স্থান | : পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষ (ভবন নম্বর-৪, ৭ম তলা, কক্ষ নম্বর-৬১৯) |

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা : পরিশিষ্ট ক

সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

০২। সভায় গত প্রস্তুতিমূলক সভার আলোকে বিষয় ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়:

| ক্রম | আলোচনা | কর্মসূচি/সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ২(১) | ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র এবং মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার অফিস ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র এবং মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার অফিস ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপসচিব (বাজেট/প্রশাসন-২)<br>২। ভাইস চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড<br>৩। মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ<br>৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী বিষয়ক টাস্কফোর্স<br>৫। মুখ্য নির্বাহী কর্মকর্তা, রাঙ্গামাটি/ খাগড়াছড়ি/ বান্দরবান পার্বত্য জেলা পরিষদ |
| ২(২) | ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, দোয়া মাহফিল, কোরআন খতম, ডকুমেন্টারি প্রদর্শন এবং আলোচনা সভা আয়োজন করার বিষয়ে আলোচনা হয়। শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র, বেইলি রোড ঢাকার প্রশাসনিক ভবনের সম্মুখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্থায়ী ম্যুরাল স্থাপনের নিমিত্ত অনুমতি প্রদানের 'জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্ট' বরাবর পত্র প্রেরণের বিষয়টি সভাকে অবহিত করা হয়। | ক) ১৫ আগস্ট ২০২৩ তারিখ সকাল ৭:০০ টায় ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের জন্য মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীকে আবশ্যিকভাবে ধানমন্ডিস্থ শেখ রাসেল স্কয়ার সংলগ্ন লাজ ফার্মার সামনে উপস্থিত থাকতে হবে।<br><br>খ) ১৫ আগস্ট ২০২৩ তারিখ সকাল ৯:০০ টায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের নিমিত্ত শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র, বেইলি রোড ঢাকার প্রশাসনিক ভবনের সম্মুখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি স্থাপন করতে হবে। | মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারী<br><br>১। যুগ্মসচিব (প্রশাসন)<br>২। উপসচিব (বাজেট/প্রশাসন-২) |

| ক্রম | আলোচনা | কর্মসূচি/সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | | গ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের জন্য মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীকে ১৫ আগস্ট ২০২৩ তারিখ মঙ্গলবার সকাল ০৯:০০ টায় উপস্থিত থাকতে হবে। | মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারী |
| | | ঘ) শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র, বেইলি রোড, ঢাকায় সকাল ৯:৩০ টায় আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করতে হবে। | ১। যুগ্মসচিব (প্রশাসন)<br>২। উপসচিব (প্রশাসন-১) |
| | | ঙ) জাতীয় শোক দিবস ২০২৩ উপলক্ষ্যে আয়োজিত আলোচনা সভায় মুখ্য আলোচক হিসেবে এ মন্ত্রণালয়ের প্রাক্তন সচিব জনাব নব বিক্রম কিশোর ত্রিপুরা এনডিসি মহোদয়-কে অথবা কোন বিশেষজ্ঞ ব্যক্তিকে আমন্ত্রণ জানাতে হবে। | ১। যুগ্মসচিব (প্রশাসন)<br>২। উপসচিব (প্রশাসন-১) |
| | | চ) দোয়া মাহফিল পরিচালনার জন্য মিনিস্টারিয়াল এপার্টমেন্ট মসজিদের ইমামকে আমন্ত্রণ জানাতে হবে। | ১। যুগ্মসচিব (প্রশাসন)<br>২। উপসচিব (বাজেট/প্রশাসন-২)<br>৩। ব্যক্তিগত কর্মকর্তা, মাননীয় মন্ত্রীর দপ্তর |
| | | ছ) মিনিষ্ট্রিয়াল অ্যাপার্টমেন্ট মসজিদে পবিত্র কোরআন খতমের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। যুগ্মসচিব (প্রশাসন)<br>২। উপসচিব (বাজেট/প্রশাসন-২)<br>৩। ব্যক্তিগত কর্মকর্তা,মাননীয় মন্ত্রীর দপ্তর |
| | | জ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও জাতীয় শোক দিবসের ওপর নির্মিত ডকুমেন্টারি সংগ্রহ এবং প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। জনসংযোগ কর্মকর্তা<br>২। সহকারী প্রোগ্রামার, পাচবিম |
| ২(৩) | জাতীয় শোক দিবস উপলক্ষ্যে শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র, বেইলি রোড, ঢাকায় ল্যান্ডস্কেপ ব্যানার, ফুলের রিং ও ব্যানার, র‍্যালি ব্যানার এবং ব্যাক ড্রপ ব্যানার তৈরি/সংগ্রহ ও স্থাপনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | জাতীয় শোক দিবস উপলক্ষ্যে শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র, বেইলি রোড, ঢাকায় ল্যান্ডস্কেপ ব্যানার স্থাপন করা হয়েছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি অর্পণের জন্য ০২টি ফুলের রিং, ০২টি ফুলের রিং এর ০২টি ব্যানার, আলোচনা সভার জন্য ০১টি ব্যাকড্রপ ব্যানার তৈরি ও স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। যুগ্মসচিব (প্রশাসন);<br>২। উপসচিব (বাজেট/প্রশাসন-২)<br>৩। প্রশাসনিক কর্মকর্তা (বাজেট/প্রশাসন-২) |
| ২(৪) | জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতি রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন এবং আয়োজিত অনুষ্ঠানসমূহে সরকারি কর্মকর্তাগণের উপস্থিতি আবশ্যিকভাবে নিশ্চিত করার বিষয়ে আলোচনা হয়। | মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহকে জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে জাতীয় শোক দিবসের কর্মসূচি গ্রহণ করতে হবে এবং দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তাগণকে উক্ত কর্মসূচিতে সক্রিয় অংশগ্রহণ ও উপস্থিতি নিশ্চিত করার জন্য দপ্তর/সংস্থায় পত্র প্রেরণ করা হয়েছে। | ১। ভাইস চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড<br>২। মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ<br>৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী বিষয়ক টাস্কফোর্স<br>৪। মুখ্য নির্বাহী কর্মকর্তা, রাঙ্গামাটি/ খাগড়াছড়ি/ |

| ক্রম | আলোচনা | কর্মসূচি/সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | | | বান্দরবান পার্বত্য জেলা পরিষদ |
| ২(৫) | তিন পার্বত্য জেলায় যে সকল এনজিও কার্যক্রম পরিচালনা করে জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য উক্ত এনজিওদেরকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের বিষয়ে আলোচনা হয়। | তিন পার্বত্য জেলায় যে সকল এনজিও কার্যক্রম পরিচালনা করে তাদেরকে জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, খাগড়াছড়ি/রাঙ্গামাটি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ ও জেলা প্রশাসক খাগড়াছড়ি/রাঙ্গামাটি/বান্দরবান পার্বত্য জেলা বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। | ১। চেয়ারম্যান, খাগড়াছড়ি/রাঙ্গামাটি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ<br>২। জেলা প্রশাসক, খাগড়াছড়ি/রাঙ্গামাটি/বান্দরবান পার্বত্য জেলা |
| ২(৬) | মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার সকল কর্মকর্তা/কর্মচারী কর্তৃক ০১ আগস্ট ২০২৩ হতে কালো ব্যাচ ধারণের বিষয়ে আলোচনা হয়। | মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার সকল কর্মকর্তা/কর্মচারী ০১ আগস্ট ২০২৩ হতে কালো ব্যাচ ধারণ করছেন। | মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার সকল কর্মকর্তা/কর্মচারী |

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৭/০৮/২০২৩

(মো: মশিউর রহমান এনডিসি)
সচিব
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

নম্বর-২৯.০০.০০০০.২১৩.২৩.০১.১৫-৩৯৭

তারিখ: ৭ আগস্ট ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। অতিরিক্ত সচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। চেয়ারম্যান, রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।
৩। ভাইস চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি।
৪। যুগ্মসচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি।
৬। জেলা প্রশাসক, রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা।
৭। উপসচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুর্নবাসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্স, খাগড়াছড়ি।
৯। মুখ্য নির্বাহী কর্মকর্তা, রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।
১০। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সিনিয়র সহকারী সচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সচিব মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। সহকারী সচিব (পরিষদ-২), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। হিসাবরক্ষণ কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। জনসংযোগ কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। সহকারী প্রোগ্রামার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৭। সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮। প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তা (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯। ১১তম-২০তম গ্রেডের কর্মচারী (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৭/০৮/২০২৩

(সজল কান্তি বনিক)
উপসচিব
ফোন: ৫৫১০০৩১৪
Email: dsadmin@mochta.gov.bd